# ALL INDIA RADIO

## আকাশবাণী শিলচর

### REGIONAL NEWS UNIT – SILCHAR

### MORNING  NEWS BULLETIN

**BENGALI**

**6 February 2026** **7:35 AM IST**


==========================================================================

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ১৪ই ফেব্রুয়ারী একগুচ্ছ কার্যসূচি নিয়ে আসাম সফরে আসছেন । শ্রী মোদী ওইদিন প্রথমে গুয়াহাটি ও উত্তর গুয়াহাটি সংযোগী কুমার ভাস্কর বর্মা সেতুর উদ্বোধন করবেন । এরপর , প্রধানমন্ত্রী পলাশবাড়িতে ভারতীয় ব্যবস্থাপনা প্রতিষ্ঠান ( আই আই এম )-এর অস্থায়ী প্রাঙ্গনের শুভারম্ভ এবং গুয়াহাটি মহানগরের জন্য ১শোটি বৈদ্যুতিক বাসের সূচনা করবেন । গুয়াহাটি থেকে প্রধানমন্ত্রী ডিব্রুগড় জেলার মরাণে যাবেন । সেখানে তিনি সুরক্ষা এবং জরুরীকালীন ব্যবস্থাপনার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে মরানে নির্মীত জরুরীকালীন বিমান অবতরণ রানওয়ের আনুষ্ঠানিক উদ্বোধন করবেন । মরাণের চারলেনযুক্ত জাতীয় মহাসড়কের রচী ময়দানে প্রায় চার কিলোমিটার অংশে এই অত্যাধুনিক রানওয়ে নির্মান করা হয়েছে । যুদ্ধকালীন পরিস্থিতি , প্রাকৃতিক দুর্যোগ বা জরুরী অবস্থায় এই জাতীয় মহাসড়ককে তাৎক্ষণিকভাবে বিমান বন্দরের জন্য ব্যবহার করা হবে । উদ্বোধনের পর মরাণের আকাশে বায়ুসেনার শক্তিশালী যুদ্ধ বিমানগুলি উরাণ কৌশল প্রদর্শন করবে । রাফেল , সুখই , মিগ , তেজস , হার্কিউলিস এবং এ এন থার্টি-টু বিমানের উরাণ অবতরণের সামরিক কৌশলও প্রদর্শন করা হবে ।

---

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের উপস্থিতিতে গতকাল নতুন দিল্লীতে কেন্দ্রীয় সরকার ,নাগালেন্ড সরকার ও ইস্টার্ণ নাগালেন্ড পিপলস অর্গেনাইজেশনের মধ্যে নাগালেন্ড সীমান্ত আঞ্চলিক কর্তৃপক্ষ গঠনের জন্য একটি চুক্তিতে স্বাক্ষর করা হয়েছে । নাগালেন্ডের মুখ্যমন্ত্রী নেফিউ রিও চুক্তি সাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন । অনুষ্ঠানে অংশ নিয়ে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী শ্রী শাহ বলেন যে  সরকার এই চুক্তির মাধ্যমে  সংঘর্ষমুক্ত ,হিংসামুক্ত এবং উন্নত উত্তর-পূর্বাঞ্চল গঠনে দিকে আরো একধাপ এগিয়ে গেল ।

---

আসন্ন বিধানসভা নির্বাচনের প্রতি লক্ষ্য রেখে আসাম রাজ্য বি জে পি গতকাল থেকে রাজব্যাপি বুথ বিজয় আভিযান আরম্ভ করেছে । বি জে পি রাজ্য সভাপতি দিলীপ শইকীয়া মঙ্গলদৈ বিধানসভা আসনের ১৫১ এবং ১৫২ নম্বর বুথ থেকে আনুষ্ঠানিভাবে এই অভিযানের সূচনা  করেন । আগামী ১১ই ফেব্রয়ুয়ারী পর্যন্ত অব্যাহত থাকা এই অভিযানে ২৬ হাজারেরও অধিক বুথকে অর্ন্তভুক্ত করা হয়েছে । এই অভিযানের অধীনে বুথ কর্মীদের সাংগঠনিক কাজকর্ম আরো শক্তিশালী করে তুলতে শ্রী শইকীয়া আহ্বান জানান । মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা গতকাল জালুকবাড়ী আসনের অধীন আজরার ৩২ নম্বর বুথে বিজয় অভিযানে অংশ গ্রহণ করেন ।

---

রাজ্যের পূর্ত, মৎস্য , পশুপালন ও পশু চিকিৎসা বিভাগের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল গতকাল শ্রীভূমি শহরের ১৪ নম্বর ওয়ার্ডে শম্ভু সাগর পার্কের সংস্কার ও পার্কের পুকুর সংস্কার কাজের ভিত্তি প্রস্তর স্থাপন করেন । এ উপলক্ষ্যে আয়োজিত সভায় বক্তব্য রাখতে গিয়ে মন্ত্রী শ্রীপাল বলেন যে শ্রীভূমি শহরের সার্বিক উন্নয়ন ও প্রতিটি নাগরিকের কল্যানে বর্তমান সরকার কাজ করে যাচ্ছে । শহর উন্নয়নের প্রকল্পগুলি বাস্তবায়িত হলে , এলাকার সৌন্দর্য বৃদ্ধি পাওয়ার পাশাপাশি পরিবেশ সংরক্ষন ও জনসাধারনের সুবিধা আরো বাড়বে বলে মন্ত্রী শ্রীপাল আশা প্রকাশ করেন । অনুষ্ঠানে শ্রীভূমি জেলা বিজেপির সভাপতি সঞ্জীব বণিক , পৌরসভার সভাপতি রবীন্দ্র চন্দ্র দেব , পৌর সদস্য ডক্টর দেবতোষ পাল প্রমুখ উপস্থিত ছিলেন ।

---

মেঘালয়ের পূর্ব জয়ন্তীয়া পাহাড় জেলার তাসকুর সুটাঙ্গায় গতকাল একটি কয়লা খনিতে সংগঠিত এক ভয়াবহ বিস্ফোরণে আসামের ১৮ জন শ্রমিক প্রাণ হারিয়েছেন । নিহতদের মধ্যে ৫ জন শ্রমিক কাছাড় জেলার কাটিগড়ার বাসিন্দা বলে জানা গেছে । কয়লা খনিতে বিস্ফোরণের ফলে পাহাড়ের একটি অংশ ধ্বসে পড়ায় এই দুর্ঘটনা সংঘটিত হয় । ওই কয়লা খনিতে এখনও বেশ কয়েকজন শ্রমিক আবদ্ধ হয়ে রয়েছেন বলে আশঙ্কা করা হচ্ছে । এদিকে , ধ্বসের ফলে উদ্ধার কার্য ব্যাহত হলেও স্থানীয় প্রশাসন , পুলিশ ও বিপর্যয় মোকাবিলা বাহিনী যৌথভাবে উদ্ধার কাজ অব্যাহত রেখেছে বলে খবর পাওয়া গেছে । দূর্ঘটনার সঠিক কারণ এখনও স্পষ্ট নয় । তবে খনির ভিতরে গ্যাস জমে বিস্ফোরণ সংঘটিত হতে পারে বলে প্রাথমিকভাবে অনুমান করা হচ্ছে । প্রশাসনের পক্ষ থেকে ঘটনার তদন্ত শুরু করা হয়েছে ।

**বাইট টু কনরাড সাংমা (মেঘালয় মুখ্যমন্ত্রী)**

এদিকে শ্রী রক্তিম বরুয়া, এডিসি ও সিইও, ডিডিএমএ কাছাড় সহ সিনিয়র কর্মকর্তারা, কাটিগড়ার সার্কেল অফিসার এবং কাটিগড়া ও শিলচরের ফিল্ড অফিসার (ডিএম) সহ ঘটনাস্থলে যাচ্ছেন পরিস্থিতি তদারকি । এই ঘটনার জন্য কাছাড় জেলা কন্ট্রোল রুম সম্পূর্ণরূপে কার্যকর রয়েছে। যেকোনো যাচাইকৃত তথ্য বা সহায়তার জন্য যোগাযোগ করুন:

- ১০৭৭ (টোল-ফ্রি)
- ০৩৮৪২-২৩৯২৪৯
- ৯৪০১৬-২৪১৪১

---